

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

তারিখঃ ০৮/০১/২০২৩ খ্রি.

ইনোভেশন টিমের সমন্বয় সভার কার্যবিবরণী

বিগত ০৫/০১/২০২৩ তারিখ, রোজ বৃহস্পতিবার, বিকাল ০২:৩০ ঘটিকায় ইনোভেশন টিমের সমন্বয় সভা ইনোভেশন অফিসার, জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পি এন্ড এস)-এর সভাপতিত্বে মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলাগ-১)।

২.০ আলোচনাঃ

শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানান। প্রথমে সভায় ইনোভেশন টিমের দাখিলকৃত অর্ধবার্ষিক রিপোর্ট নিয়ে আলোচনা করা হয়। ইতিমধ্যে চলতি বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ শতভাগ সম্পন্ন হয়েছে এবং ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক একটি কর্মশালা সম্পন্ন হয়েছে। শতভাগ লক্ষ্য অর্জনে আরও একটি সভা/কর্মশালা সম্পাদন করতে হবে মর্মে সদস্য সচিব কমিটিকে অবহিত করেন। প্রথম ছয় মাসে ই-নথির ব্যবহার হয়েছে ৮০% (প্রায়)। এছাড়া উদ্ভাবনী উদ্যোগ “সেকেভারি কনভার্সন প্ল্যান্ট (এসসিপি)-এর পাম্পের গ্ল্যান্ড কুলিং ওয়াটার রিসাইক্লিং প্রকল্প”-এর কার্যক্রম প্রায় ৮০% সম্পন্ন হয়েছে। সভাপতি মহোদয় চলতি মাসের মধ্যে উদ্যোগটির প্রমাণকসমূহ হালনাগাদ করার ব্যাপারে কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করেন। সভায় উক্ত উদ্যোগ সংক্রান্ত নির্মাণ কার্যক্রম শেষে এর সফল বাস্তবায়নের ব্যাপারে বিশদ আলোচনা করা হয়।

৩.০ সিদ্ধান্তঃ

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- আগামী ২০ জানুয়ারির মধ্যে উদ্ভাবনী উদ্যোগের ভৌত কাঠামোর অগ্রগতির প্রমাণকসমূহ হালনাগাদ করতে হবে।
- ট্রেনিং শাখার সহযোগিতায় ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক আরও একটি সভা/কর্মশালা সম্পাদন করতে হবে
- ই-নথি/ফাইলের ব্যবহার বৃদ্ধিতে উদ্যোগ নিতে হবে। এর ব্যবহার অবশ্যই ৮০% এর চেয়ে বেশি রাখতে হবে।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাফিজার রহমান)

ডিজিএম (পি এন্ড এস) ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

বিতরণঃ

- জনাব মমশাদ করিম আনোয়ার, ডিজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ শামিউল ইসলাম, ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ কামরুজ্জামান, ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ সাইফুর রহমান, ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব সাহেবুর হোসেন, ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ বায়েজিদ ইসলাম, এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম

অনুলিপিঃ

ব্যবস্থাপনা পরিচালক -সদয় অবগতির জন্য

ব্যবস্থাপক (ট্রেনিং) -চলতি অর্ধবছরে ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক আরও একটি সভা/কর্মশালার উদ্যোগ গ্রহণের অনুরোধসহ

ফাইল







ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

(সংলাগ-১)

তারিখঃ ০৫/০১/২০২৩ খ্রি.

“ইনোভেশন টিম”-এর মাসিক সমন্বয় সভার উপস্থিতি

নাম	পদবি	স্বাক্ষর
মোঃ মোস্তাফিজার রহমান	ডিজিএম (পি এন্ড এস) ও ইনোভেশন অফিসার	 ৫/১/২৩
মমশাদ করিম আনোয়ার	ডিজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম	 05/01/23
মোঃ শামিউল ইসলাম	ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম	 05.01.23
মোঃ কামরুজ্জামান	ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম	 05.01.23
মোঃ সাইফুর রহমান	ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম	Absent
সোহরাব হোসেন	ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম	 ০৫.০১.২৩
মোঃ বায়েজিদ ইসলাম	এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম	 05.01.23